

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. পাগড়ীর ফ্যীলত

বিভিন্ন হাদীস থেকে জানা যায় যে, রাস্লুল্লাহ ্ষুদ্ধি ও সাহাবীগণ পাগড়ী ব্যবহার করতেন। কিন্তু পাগড়ী ব্যবহারে উৎসাহ প্রদান মূলক কোনো সহীহ হাদীস নেই। এ বিষয়ে যা কিছু বর্ণিত ও প্রচারিত সবই ভিত্তিহীন, বানোয়াট বা অত্যন্ত দুর্বল। এ বিষয়ক হাদীসগুলো দুই ভাগে ভাগ করা যায়: (ক) সাধারণ পোশাক হিসাবে পাগড়ী পরিধানের উৎসাহ প্রদান বিষয়ক হাদীস। (খ) পাগড়ী পরিধান করে নামায আদায়ের উৎসাহ প্রদান বিষয়ক হাদীস। উভয় অর্থে বর্ণিত সকল হাদীসই অত্যন্ত দুর্বল ও বানোয়াট পর্যায়ের। বিশেষত দ্বিতীয় অথে বর্ণিত সকল হাদীস সন্দেহাতীতভাবে জাল ও বানোয়াট।

এখানে উল্লেখ্য যে, 'রাসূলুল্লাহর (ﷺ) পোশাক' ও 'কুরআন-সুন্নাহর আলোকে পোশাক পর্দা ও দেহসজ্জা' গ্রন্থন্বয়ে এ সকল হাদীসের সনদের বিস্তারিত আলোচনা করেছি। প্রত্যেক সনদের মিথ্যাবাদী জালিয়াতের পরিচয়ও তুলে ধরেছি। এখানে সংক্ষেপে হাদীসগুলো উল্লেখ করছি। আগ্রহী পাঠক উপর্যুক্ত গ্রন্থন্বয় থেকে বাকি আলোচনা জানতে পারবেন।

প্রথমত: সৌন্দয্য ও মর্যাদার জন্য পাগড়ী

সৌন্দর্য্য ও মর্যাদার প্রতীক হিসাবে পাগড়ী পরিধানের উৎসাহ দিয়ে বর্ণিত জাল বা অত্যন্ত দুর্বল হাদীসগুলোর মধ্যে রয়েছে:

Source — https://www.hadithbd.com/books/link/?id=5007

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন